

নথি নং-২(২২)১-জন প্রশাঃ/ছুটি/১৩/

তারিখ : ০৮/২০১৭ খ্রিঃ।

আদেশ

কাস্টম হাউস, ঢাকায় কর্মরত সহকারী রাজস্ব কর্মকর্তা জনাব রনবীর চন্দ্র বর্মন ভারতের তীর্থ স্থান এবং দর্শনীয় স্থান ভ্রমণের অনুমতিসহ ১৪/০৮/২০১৭ খ্রিঃ তারিখ হতে ০২/০৯/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ থেকে ২০ (বিশ) দিনের বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটি নিম্নোক্ত শর্তে মঞ্জুর করা হলোঃ

ক) এটি তাঁর ব্যক্তিগত ভ্রমণ হওয়ায় তিনি সরকারী খাত হতে কোন প্রকার আর্থিক সুবিধা ও সরকারীভাবে কোন বৈদেশিক মুদ্রা মঞ্জুরী পাবেন না;

খ) তাঁর বিদেশে অবস্থানকালীন বাংলাদেশ সরকারের দেশী ও বৈদেশিক মুদ্রায় কোন অর্থ ব্যয় হবে না অর্থাৎ এই ছুটি মঞ্জুরীর আদেশে সরকারের কোন আর্থিক সংশ্লেষ নেই;

গ) আরও শর্ত থাকে যে, মঞ্জুরীকৃত বহিঃবাংলাদেশ (অর্জিত) ছুটি কোন অবস্থাতেই বর্ধিত করা যাবে না এবং ছুটিকালীন বেতন তিনি বাংলাদেশী মুদ্রায় পাবেন;

ঘ) উক্ত ছুটি শেষে তিনি তাঁর বর্তমান কর্মস্থলে যথাসময়ে যোগদান করবেন ;

ঙ) কোন কারণে ১৪/০৮/২০১৭ খ্রিঃ তারিখে ছুটিতে না গেলে প্রকৃত ছুটি ভোগের তারিখ সম্পর্কে ২ (দুই) দিন পূর্বে এই দপ্তরকে অবহিত করবেন ;

চ) এই অনুমতি পত্র এই পত্র জারীর ৩ (তিন) মাস পর্যন্ত বলবৎ থাকবে।

২। প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিপত্র নং-০৩.০৬৯.০২৫.০৬.০০.০০৩.২০১১-১৪৪(৫০০), তারিখ-১৯.০৬.২০১১ খ্রিঃ অনুসরণে এ অনুমতি প্রদান করা হলো।

স্বাক্ষরিত/-

প্রকাশ দেওয়ান

কমিশনার

ফোন-৮৯০১৫৭৭

ই-মেইল : dhakacustoms@yahoo.com

নথি নং-২(২২)১-জন প্রশাঃ/ছুটি/১৩/

তারিখ : ০৮/২০১৭ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রদত্ত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ১। কনস্যুলার সেকশন (Consular Section), ভারতীয় দূতাবাস, ঢাকা, বাংলাদেশ।
- ২। অতিরিক্ত কমিশনার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, কাস্টম হাউস, ঢাকা।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সিজিএ বিল্ডিং, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সহকারী কমিশনার, বিমানবন্দর, কাস্টম হাউস, ঢাকা।
- ৫। সহকারী প্রোগ্রামার, কাস্টম হাউস, ঢাকা। তাঁকে এ আদেশটি কাস্টম হাউস, ঢাকার ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/ হযরত শাহআমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম/ঢাকা ক্যান্টনমেন্ট স্টেশন, ঢাকা/দর্শনা, কুষ্টিয়া / বুড়িমারী, লালমনিরহাট / ভোমরা, সাতক্ষীরা/ বেনাপোল, যশোর।
- ৭। বেতন ও হিসাব রক্ষণ কর্মকর্তা, কাস্টম হাউস, ঢাকা।
- ৮। জনাব রনবীর চন্দ্র বর্মন, সহকারী রাজস্ব কর্মকর্তা, বিমানবন্দর, কাস্টম হাউস, ঢাকা।

কাম্বুজ রানী দত্ত  
ডেপুটি কমিশনার।